তারিখ ... 31 AUG 2015 ...
পৃষ্ঠা ... [illegible] ... কলাম ... ৪ ...

# মেহেরপুরে গণহিস্টিরিয়ায় আক্রান্ত অর্ধশতাধিক ছাত্রী

## মুকসুদপুরে আরও অসুস্থ ১০

■ মেহেরপুর প্রতিনিধি

সদর উপজেলার শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের অর্ধশতাধিক ছাত্রী গণহিস্টিরিয়ায় আক্রান্ত হয়ে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি রয়েছে।

**দু'দিন স্কুল ছুটি ঘোষণা**

গতকাল রোববার সকালে বিদ্যালয়ে ক্লাস চলাকালে এক ছাত্রী অজ্ঞান হলে তাকে দেখে একের পর এক অর্ধশতাধিক ছাত্রী অসুস্থ হয়ে পড়ে। চিকিৎসকরা বলছেন, সন্ধ্যা নাগাদ তারা বাড়ি ফিরে যেতে পারবে। প্রধান শিক্ষক মাহাবুব হোসেন জানান, সকালে ক্লাস চলাকালে এক শিক্ষিকা অসুস্থ বোধ করলে তাকে সহায়তার জন্য শিক্ষার্থীরা এগিয়ে আসে। এ সময় সপ্তম শ্রেণীর ছাত্রী সানজিদা খাতুন অজ্ঞান হয়ে যায়। তাকে দেখার পরপর অন্যরাও অসুস্থ হয়ে পড়ে। এ ঘটনার পরপরই উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার অনুমতি নিয়ে রবি ও সোমবার বিদ্যালয় ছুটি ঘোষণা করা হয়েছে।

একই বিদ্যালয়ে অধ্যায়নরত দুই বোনের মধ্যে একজন জুলেখা খাতুন জানায়, সহপাঠীদের ছোটাছুটি দেখে আমি এগিয়ে যাই। দেখি আমার ছোট বোন অজ্ঞান হয়ে যাচ্ছে। চোখে মুখে পানি দিয়ে তাকে নিয়ে দ্রুত হাসপাতালে ছুটে যাই। ভর্তি হবার পর স্যালাইন প্রদানসহ প্রয়োজনীয় চিকিৎসায় সে এখন সুস্থ বোধ করছে। এভাবে সহপাঠীদের অসুস্থ হতে দেখে আতঙ্কিত হয়ে যাই। মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. অলোক কুমার দাস জানান, আতঙ্কিত হওয়ার কিছু নেই। শিগগিরই অসুস্থ শিক্ষার্থীরা সুস্থ হয়ে বাড়ি ফিরবে।

এদিকে গোপালগঞ্জ প্রতিনিধি জানান, মুকসুদপুরে গণহিস্টিরিয়ায় আরও ১০ শিক্ষার্থী আক্রান্ত হয়েছে। রোববার কালিনগর উচ্চ বিদ্যালয়ের ১০ শিক্ষার্থী আক্রান্ত হলে স্কুল বন্ধ করে দেওয়া হয়। সপ্তম শ্রেণীর ইয়াসমিন খানম ও তরুণ শীল এবং ষষ্ঠ শ্রেণীর তরুণ শীল ও চয়ন মণ্ডলকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। শনিবার রাতে বাড়িতে গণহিস্টিরিয়া আক্রান্ত গাড়লগাতী কেএম উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণীর জলি, নিশি খানম, মীম ও ইয়াসমিনকে মুকসুদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। অন্যদিকে গণহিস্টিরিয়া আতঙ্কে মুকসুদপুরের সুরূপী সালিনাবক্সা উচ্চ বিদ্যালয় ছুটি দেওয়া হয়েছে।